



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.০৩৩.২০২০- ৩১৬

তারিখ: ০৭/০৯/২০২০ খ্রি।

বিষয়: সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম মনিটরিং সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর সংক্রমন রোধকল্পে গত ১৮ মার্চ হতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীকে শ্রেণি কার্যক্রমের সম্পূর্ণ রাখার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ক. শিক্ষার্থী কর্তৃক সংসদ বাংলাদেশ টেলিভিশনে চলমান পাঠদান কার্যক্রম নিয়মিত দেখা এবং অনলাইনের মাধ্যমে পাঠদানের বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে মুঠোফোনের মাধ্যমে শিক্ষকগণ যোগাযোগ করবেন।
- খ. শিক্ষকদের সাথে পাঠদানের বিষয়ে টেলিফোনে যোগাযোগ করার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
- গ. পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পাঠদানে সহায়তা করতে হবে।
- ঘ. শিক্ষকগণ কর্তৃক মুঠোফোন বা টেলিফোনে শিক্ষার্থীদের সাথে যোগাযোগের বিষয় প্রধান শিক্ষক সমন্বয় ও মনিটরিং করবেন।
- ঙ. প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও এস.এম সি (প্রযোজ্যক্ষেত্রে) কে নিয়ে ভার্চুয়াল সভার আয়োজন করবেন। সেক্ষেত্রে একদিনে ০১(এক)টি শ্রেণিকে সম্পূর্ণ করা যেতে পারে।

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

স্কুল এন্ড কলেজ(সকল)/ মাধ্যমিক বিদ্যালয় (সকল)


০৭/০৯/২০২০

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন: ৯৫৫৪৫৬৫

বিজ্ঞপ্তি

(শুধুমাত্র শিক্ষকগণের অনুসরণের জন্য)

এ প্রতিষ্ঠানের সকল শিক্ষককে উপরে প্রদত্ত মাউশির চিঠিতে বর্ণিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত
উপাধ্যক্ষ (স্কুল শাখা)